**কবিতা/গল্প প্রকাশ**



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746



**ডাউনলোড "এই যুগ অ্যাপ"**



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 30 AUGUST 2026 ,SUNDAY | ৩০ আগস্ট ২০২৬ ,রবিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-267


# প্রতিটি বিধানসভা কেন্দ্রে একটি করে মিনি ইনডোর স্টেডিয়াম ,জাতীয় ক্রীড়া দিবসে জানালেন শুভেন্দু অধিকারী




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,হাওড়া ,২৯ আগস্ট :** শনিবার হাওড়ার 'নবান্ন' সভাঘরে হকির জাদুকর কিংবদন্তি ধ্যানচাঁদের জন্মবার্ষিকী উপলক্ষে আয়োজিত পঞ্চদশ তম জাতীয় ক্রীড়া দিবস উদযাপন করা হয়। এদিন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ও ক্রীড়া মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ ধ্যানচাঁদের প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা নিবেদন করেন। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জীবন্ত কিংবদন্তি ১৯৬৪ সালে টোকিও অলিম্পিকে হকিতে সোনাজয়ী গুরবক্স সিং । মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন ,"খেলাধুলার উন্নয়নে রাজ্য সরকার প্রতিটি বিধানসভা কেন্দ্রে একটি করে মিনি ইনডোর স্টেডিয়াম তৈরি করবে । চলতি বছরে এইরকম ১০০টি স্টেডিয়াম তৈরি করা হবে। স্টেডিয়ামগুলি ঋষি অরবিন্দের নামে করা হবে। খেলাধুলার উন্নয়নে চলতি বছরে ৪০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এছাড়াও অটল খেল সম্মানের অঙ্গ হিসাবে পশ্চিমবঙ্গ সরকার জাতীয় ক্লাবগুলিকে এক কোটি টাকা করে আর্থিক সহায়তা প্রদান করবে।" মুখ্যমন্ত্রী আরও বলেন ,"সমাজ গঠনে খেলাধুলার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। পূর্ববর্তী তৃণমূল সরকারের আমলে ক্রীড়া ক্ষেত্র ছিল অবহেলিত। গত বছর যুবভারতী ক্রীড়াঙ্গনে মেসিকে দেখতে গিয়ে যে ৩০ হাজার ক্রীড়া সমর্থক প্রতারিত হয়েছিলেন, তাদের টাকা ফেরত দেওয়ার চেষ্টা চলছে এবং এই কাজে তিনি সফল হবেন বলে আশা প্রকাশ করেন।"


# এশিয়ান হাইওয়েতে হাতির পাল ,স্তব্ধ যান চলাচল



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ আগস্ট :** ফের হাতির আতঙ্ক মাদারিহাটে। পাঁচটি হাতির একটি দল এশিয়ান হাইওয়ে পারাপার করে জঙ্গলের দিকে প্রবেশ করল। ঘটনাটি ঘটেছে আলিপুরদুয়ার জেলার মাদারিহাট এলাকায়।স্থানীয় সূত্রে জানা গেছে, এদিন সন্ধ্যায় মাদারিহাট সংলগ্ন জঙ্গল থেকে খাবারের খোঁজে বেরিয়ে আসে পাঁচটি হাতির একটি দল। দলটি সোজা চলে আসে এশিয়ান হাইওয়ের ধারে। হঠাৎ করে হাইওয়ের উপর হাতির দলকে দেখতে পেয়ে আতঙ্ক ছড়িয়ে পড়ে চালকদের মধ্যে। সঙ্গে সঙ্গে হাইওয়ের দু'পাশে দাঁড়িয়ে পড়ে সমস্ত গাড়ি। কেউ হর্ন বাজায়নি, কেউ এগোনোর সাহস পায়নি।প্রায় ১৫ থেকে ২০ মিনিট হাইওয়ের ধারে দাঁড়িয়ে থাকার পর, ধীরে ধীরে অত্যন্ত সতর্কতার সঙ্গে রাস্তা পার করে হাতির দলটি। এরপর তারা পাশের গ্রামের দিকে প্রবেশ করে। এই ঘটনায় কিছুক্ষণের জন্য এশিয়ান হাইওয়েতে যান চলাচল সম্পূর্ণ বন্ধ হয়ে যায়।খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় বনদপ্তরের কর্মীরা। তারা হাতির দলটিকে নজরে রাখছেন যাতে কোনো অপ্রীতিকর ঘটনা না ঘটে। বনদপ্তরের পক্ষ থেকে গ্রামবাসীদের সতর্ক থাকতে বলা হয়েছে এবং হাতির কাছাকাছি না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

# ফাঁড়ির ওসি থেকে এবার থানার ওসি হলেন জগদীশ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ আগস্ট :** পদোন্নতি হলো জটেশ্বর ফাঁড়ির ওসি জগদীশ রায়ের। তিনি এখন মাদারীহাট থানার ওসি হিসেবে যোগদান করবেন। আগামীকাল অর্থাৎ রবিবার তিনি নতুন দায়িত্বভার গ্রহণ করবেন বলে পুলিশ সূত্রে জানা গেছে। তাঁর এই পদোন্নতিতে খুশি জটেশ্বর সহ গোটা ফালাকাটা এলাকার মানুষ। জগদীশ রায় একজন দক্ষ ও সৎ অফিসার হিসেবেই জেলায় পরিচিত। আলিপুরদুয়ার জেলায় পুলিশে তাঁর কর্মজীবন শুরু হয় বীরপাড়া থানা থেকে। সেখানে তিনি প্রথমে মেজবাবু হিসেবে যোগদান করেন। সেখানে বেশ কিছুদিন দক্ষতার সঙ্গে দায়িত্ব পালনের পর তাঁকে শামুকতলা থানার ওসি হিসেবে দায়িত্ব দেওয়া হয়। সেখানেও তিনি আইনশৃঙ্খলা রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।এরপর তিনি আলিপুরদুয়ার জংশন পুলিশ ফাঁড়ির ওসি হিসেবেও কাজ করেছেন। সর্বশেষ তিনি ফালাকাটা ব্লকের জটেশ্বর পুলিশ ফাঁড়ির ওসি হিসেবে কর্মরত ছিলেন। জটেশ্বরে থাকাকালীন তিনি এলাকার অপরাধ দমন, মাদক বিরোধী অভিযান এবং সাধারণ মানুষের সঙ্গে সুসম্পর্ক বজায় রেখে কাজ করে সকলের মন জয় করে নিয়েছেন।স্থানীয় বাসিন্দারা জানান, জগদীশ বাবু সবসময় মানুষের পাশে থেকেছেন। তাঁর মতো একজন অফিসারের পদোন্নতি হওয়ায় তাঁরা গর্বিত। মাদারীহাটের মতো গুরুত্বপূর্ণ থানায় তিনি আরও ভালো কাজ করবেন বলে আশাবাদী সকলে।

# দুর্গাবাড়ি এলাকায় দুর্ঘটনা ,আহত বাইক চালক




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ আগস্ট :** ৩১ নম্বর জাতীয় সড়কের দুর্গাবাড়ি এলাকায় ভয়াবহ বাইক দুর্ঘটনা। দুই বাইক চালক দুর্ঘটনার কবলে পড়েছেন, যার মধ্যে একজন গুরুতর আহত হয়েছেন। ঘটনাটি ঘটেছে শনিবার রাত ন'টা নাগাদ।স্থানীয় সূত্রে জানা গেছে, ৩১ নম্বর জাতীয় সড়ক ধরে বাইক যাচ্ছিল। দুর্গাবাড়ি এলাকায় আসতেই কোনো কারণে বাইকের চাকা ফেটে দুর্ঘটনার কবলে পড়েন । এর ফলে রাস্তায় ছিটকে পড়েন বাইক আরোহীরা। জানা গেছে, একটি বাইকে দু'জন আরোহী ছিলেন। দুর্ঘটনায় একজনের আঘাত গুরুতর।খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসেন স্থানীয় বাসিন্দারা। তাঁরাই আহতদের উদ্ধার করে তড়িঘড়ি যশোডাঙ্গা গ্রামীণ হাসপাতালে নিয়ে যান। খবর দেওয়া হয় পুলিশকে ঘটনাস্থলে ছুটে আসে শামুকতলা রোড বাড়ির পুলিশ। বর্তমানে আহত ব্যক্তি চিকিৎসাধীন রয়েছেন। তাঁর অবস্থা আশঙ্কাজনক বলে হাসপাতাল সূত্রে জানা গেছে।এদিকে ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ। দুর্ঘটনাগ্রস্ত বাইক টিকে আটক করা হয়েছে। কী কারণে এই দুর্ঘটনা ঘটল তা খতিয়ে দেখছে পুলিশ। প্রাথমিক অনুমান, রাতের অন্ধকারে দ্রুত গতির কারণেই এই দুর্ঘটনা ঘটে থাকতে পারে। এই ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে।

# শামুকতলা রোড ফাঁড়ির ওসিকে বিদায় সংবর্ধনা




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ আগস্ট :** সংবর্ধনার জোয়ারে ভাসলেন ওসি সঞ্জীব মোদক। শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদককে বিদায় সংবর্ধনা দেওয়া হলো। শামুকতলা রোড ফাঁড়ির অধীন সিভিক ভলেন্টিয়ারদের পক্ষ থেকে এই সংবর্ধনার আয়োজন করা হয়। দীর্ঘ ১৪ মাস দক্ষতার সঙ্গে দায়িত্ব পালনের পর তাঁর বদলি হওয়ায় এই বিদায় সংবর্ধনা দেওয়া হয়।জানা গেছে, প্রায় ১৪ মাস আগে সঞ্জীব মোদক শামুকতলা রোড ফাঁড়ির ওসি হিসেবে যোগদান করেন। যোগদানের পর থেকেই তিনি এলাকায় আইনশৃঙ্খলা রক্ষায় অত্যন্ত কঠোর ভূমিকা পালন করেন। এই ১৪ মাসে তিনি একাধিক বড় সাফল্য পেয়েছেন। তাঁর নেতৃত্বে এলাকায় বেআইনি মদের কারখানার বিরুদ্ধে অভিযান চালিয়ে তা বন্ধ করা হয়। পাশাপাশি প্রচুর পরিমাণে গাঁজা উদ্ধার করেছেন তিনি।এছাড়াও গরু ও মহিষ পাচারের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নিয়ে প্রচুর সংখ্যক গরু ও মহিষ উদ্ধার করেছেন, আটক করা হয়েছে বেশ কয়েকটি গাড়িকে গরু এবং মহিষ পরিবহনের জন্য। যা এলাকায় চাঞ্চল্য ফেলেছিল। তাঁর আমলে এলাকার রাজনৈতিক পরিবেশ থেকে শুরু করে সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি যথেষ্ট ভালো ছিল। সাধারণ মানুষ থেকে শুরু করে রাজনৈতিক দলগুলির সঙ্গেও তিনি সুসম্পর্ক বজায় রেখে কাজ করেছেন।বিদায় অনুষ্ঠানে সিভিক ভলেন্টিয়াররা তাঁকে পুষ্প স্তবক ও মানপত্র দিয়ে সম্মান জানান। তাঁরা জানান ,সঞ্জীব বাবুর মতো একজন দক্ষ অফিসারকে তাঁরা মিস করবেন। ওসি সঞ্জীব মোদকও সকলকে ধন্যবাদ জানান এবং আগামীতেও এভাবেই পুলিশকে সহযোগিতা করার আবেদন জানান।

# অসমে পাচারের আগে কুমারগ্রামের কাটাবাড়িতে উদ্ধার ৯টি ভুটানি গরু



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ আগস্ট :** কুমারগ্রাম ব্লকের নিউল্যান্ডস থেকে অসমে গরু পাচারের পরিকল্পনা ব্যর্থ হল। শনিবার ৯টি ভুটানি গরু পাচারের ছক ভেস্তে দিলেন কুমারগ্রামের কাটাবাড়ি এলাকার সতর্ক স্থানীয় বাসিন্দারা। পরবর্তীতে খবর পেয়ে ঘটনাস্থলে এসে গরুগুলি উদ্ধার করে নিয়ে যায় কুমারগ্রাম থানার পুলিশ। ঘটনাকে কেন্দ্র করে সমগ্র কাটাবাড়ি এলাকায় তীব্র চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, পাচারকারীরা নিউল্যান্ডসের ধুমপাড়া এলাকা থেকে গ্রামের ভেতরের গোপন পথ ধরে ৯টি ভুটানি গরু নিয়ে কাটাবাড়ির দিকে আসছিল। তাদের পরিকল্পনা ছিল বালাপাড়া হয়ে সীমানা পার করে অসমে গরুগুলি পাচার করে দেওয়ার। কিন্তু কাটাবাড়ি এলাকায় সন্দেহজনকভাবে গরুগুলি নিয়ে যেতে দেখে স্থানীয়দের মনে সন্দেহ দানা বাঁধে। সঙ্গে সঙ্গে তাঁরা উদ্যোগী হয়ে গরুগুলিকে আটক করেন এবং সঙ্গে থাকা ব্যক্তিদের চাপ সৃষ্টি করেন। ঘটনার খবর পেয়ে দ্রুত এলাকায় পৌঁছায় কুমারগ্রাম থানার পুলিশ বাহিনী। স্থানীয়রা গরুগুলি পুলিশ আধিকারিকদের হাতে তুলে দেন। জিজ্ঞাসাবাদকালে উদ্ধার হওয়া পশুগুলির পরিবহণ বা মালিকানা সংক্রান্ত কোনো বৈধ কাগজপত্র দেখাতে পারেনি সংশ্লিষ্ট ব্যক্তিরা। বৈধ নথিপত্র না থাকায় পুলিশ গরুগুলি বাজেয়াপ্ত করে এবং সুরক্ষার স্বার্থে থানায় নিয়ে যায়। সীমান্তবর্তী এই রুটে আন্তর্জাতিক ও আন্তঃরাজ্য গবাদি পশু পাচার চক্র জড়িত রয়েছে কি না, তা খতিয়ে দেখতে কুমারগ্রাম থানার পুলিশ। পুলিশ জানিয়েছে, ঘটনার তদন্ত চলছে।

# মাঝেরডাবড়ী টেন্ডার দুর্নীতি কাণ্ডে দুজনকে গ্রেপ্তার করল সিআইডি





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ আগস্ট :** টেন্ডার দুর্নীতি কান্ডে গ্রেফতার করা হয়েছে দুজন। তারা দুজনেই ঠিকাদার। আলিপুরদুয়ার জেলার মাঝেরডাবড়ী গ্রাম পঞ্চায়েতে হর্টিকালচার দুর্নীতি কাণ্ডে ১০ কোটি টাকার দুর্নীতির অভিযোগ করেছিলেন এলাকার এক ব্যক্তি। এরপরেই পুলিশ তদন্তে নেমে গ্রেপ্তার করে মাঝের ডাবরী গ্রাম পঞ্চায়েত এর প্রধানের স্বামী মানস রায় কে। গ্রেফতার করা হয়েছিল এক ঠিকাদারকে। তাদের কাছ থেকে উদ্ধার হয়েছিল সোনার গহনা নগদ টাকা এবং ব্যাংক ব্যালেন্স সহ প্রায় ৮৫ লক্ষ টাকা। প্রায় ৫০ টি ব্যাংক অ্যাকাউন্টে লেনদেন বন্ধ রয়েছে এখন পর্যন্ত। এই মামলার তদন্তকারী অফিসার কথা শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক এর কাছ থেকে শেষ পর্যন্ত সিআইডি মামলার দায়িত্বভার গ্রহণ করে। প্রায় এক মাস ধরে সিআইডির হাতে এই মামলার তদন্ত চলাকালীন অবশেষে আরও দুই ব্যক্তিকে গ্রেফতার করে সি আই ডি। সঞ্জীব দেবনাথ উত্তর ভোলা ডাবরী এলাকার বাসিন্দা এবং উত্তম সাহা আলিপুরদুয়ার মারোয়ারি পট্টির বাসিন্দা দুজনকে গ্রেফতার করে সি আই ডি। তারা দুজনেই ঠিকাদার ছিলেন এমনটাই জানা গেছে। তারা আলিপুরদুয়ার জেলে রয়েছেন জানা গেছে পুলিশ সূত্রে।

# ট্রেন চালকের তৎপরতায় রক্ষা পেল হাতির দল



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ আগস্ট :** রেললাইনে হাতির পাল দেখে তৎপর হলেন মহানন্দা এক্সপ্রেসের লোকো পাইলট ও সহকারী লোকো পাইলট। তাঁদের সময়োচিত পদক্ষেপে নিরাপদে রেললাইন পার হওয়ার সুযোগ পেল হাতির পাল। এড়ানো গেল বড়সড় দুর্ঘটনা।রেল সূত্রে জানা গিয়েছে, শুক্রবার রাত প্রায় ৯টা ৪০ মিনিট নাগাদ ১৫৪৮৪ আপ সিকিম মহানন্দা এক্সপ্রেস রাজাভাতখাওয়া ও আলিপুরদুয়ার জংশনের মধ্যবর্তী এলাকায় যাচ্ছিল। সেই সময় ১৬৪/২-৪ কিলোমিটার এলাকায় রেললাইনের উপর একদল হাতিকে দেখতে পান ট্রেনটির লোকো পাইলট শ্রী দেবজিত হোড় এবং সহকারী লোকো পাইলট শ্রী সুভাষ চন্দ্র দাস। হাতির পাল রেললাইন পার হচ্ছে বুঝতে পেরেই তাঁরা দ্রুত ট্রেনের গতি নিয়ন্ত্রণ করেন। ট্রেনটি নিয়ন্ত্রণে এনে হাতির পালকে নিরাপদে রেললাইন পার হয়ে যাওয়ার সুযোগ দেওয়া হয়। এরপর হাতির দলটি নিরাপদে রেললাইন থেকে সরে গেলে ট্রেনটি ফের যাত্রা শুরু করে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |